বসুমতী

কলিকাতা, মঙ্গলবার, ৩রা কার্ত্তিক, ১৩৭১, October 20, 1964.

# ভারতী মিলন সঙ্ঘ কর্ত্তৃক বস্ত্র বিতরণ

গত দ্বাদশ বর্ষের মত এ বৎসরও খলিসাকোটা পল্লীর ভারতী মিলন সংঘ কর্ত্তৃক দুর্গা-পূজায় স্থানীয় দুঃস্থ বালক বালিকা-গণের মধ্যে জামা কাপড় বিতরণ করা হয়। এই কার্য্যে স্থানীয় সকল অধিবাসীর সাহায্য গ্রহণ করা হয়। সংঘের একনিষ্ঠ কর্ম্মী শ্রীনারায়ণ চক্রবর্ত্তী মহাশয় অক্লান্ত পরিশ্রম করিয়া এই বিতরণ কার্য্য সুষ্ঠুরূপে সমাধান করেন। বিতরণ কার্য্যের সময় স্থানীয় বহু বিশিষ্ট লোক সংঘগৃহে উপস্থিত ছিলেন।